

সমকাল

18 OCT 2025

বাণিজ্যের গতি এখন পর্যন্ত ভালো, কমবে আগামী বছর

■ সমকাল প্রতিবেদক

চলতি বছর বিশ্বে পণ্য বাণিজ্যের পরিমাণ গত বছরের তুলনায় ২ দশমিক ৪ শতাংশ বাড়বে। ২০২৪ সালের তুলনায় এটি খানিকটা কম। গত বছর পণ্য বাণিজ্য বেড়েছিল ২ দশমিক ৭ শতাংশ। আন্তর্জাতিক নানা সমস্যার পরও পণ্য বাণিজ্যে প্রায় আড়াই শতাংশ প্রবৃদ্ধি ভালোই বলা চলে। তবে যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক আরোপসহ আন্তর্জাতিক নানা সমস্যার প্রভাবগুলো বছরের শেষ দিকে গিয়ে বোঝা যেতে পারে। এসব কারণে আগামী বছর আন্তর্জাতিক পণ্য বাণিজ্যের গতি কমে যেতে পারে। ২০২৬ সালে বিশ্ব পণ্য বাণিজ্যে প্রবৃদ্ধির হার কমে হতে পারে মাত্র শূন্য দশমিক ৫ শতাংশ। কমবে সেবা খাতের বাণিজ্যও।

বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) গ্লোবাল ট্রেড অ্যান্ড আউটলুক স্ট্যাটিস্টিকস প্রতিবেদনে এ কথা বলা হয়েছে। গত ৭ অক্টোবর এই প্রতিবেদনটি প্রকাশিত হয়। প্রতিবেদনে বলা হয়, চলতি বছরের প্রথমার্ধে বিশ্ব বাণিজ্যের অবস্থা ভালোই ছিল। বিশেষ করে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) সম্পর্কিত পণ্যের চাহিদা, উত্তর আমেরিকার আগাম আমদানি এবং উদীয়মান

ডব্লিউটিওর প্রতিবেদন

অর্থনীতির মধ্যে বাণিজ্য বাড়ার কারণে বাণিজ্যের ক্ষেত্রে উন্নতি লক্ষ্য করা গেছে।

চলতি বছরের জন্য পণ্য বাণিজ্যে প্রবৃদ্ধির পূর্বাভাস গত আগস্ট মাসের তুলনায় সামান্য বাড়িয়েছে ডব্লিউটিও। তবে ২০২৬ সালের জন্য পূর্বাভাস কমানো হয়েছে। এর আগে আগস্ট মাসে প্রকাশিত ডব্লিউটিওর প্রতিবেদনে বলা হয়, আগামী বছর পণ্য বাণিজ্য প্রবৃদ্ধি কমে হতে পারে ১ দশমিক ৮ শতাংশ। আগামী বছর সেবা খাতের বাণিজ্যও কমবে। এটি হতে পারে ৪ দশমিক ৪ শতাংশ। যেটি চলতি বছর ৪ দশমিক ৬ শতাংশ হতে পারে বলে মনে করছে বিশ্ব বাণিজ্য সংস্থা। প্রতিবেদনে বলা হয়, যুক্তরাষ্ট্রের উচ্চ শুল্ক হার, বাণিজ্য নীতির অনিশ্চয়তাসহ নানা আন্তর্জাতিক সমস্যার কারণে চলতি বছরের শেষ দিকে মূল্যস্ফীতি বেড়ে যেতে পারে। আগস্টে উচ্চ শুল্ক কার্যকর হওয়ায় বছরের শেষের দিক হতে এর প্রভাবগুলো বোঝা যাবে। এখন বিশ্ব বাণিজ্যে বড় ঝুঁকিগুলো হচ্ছে উচ্চ শুল্ক, বাণিজ্য বাধা এবং নীতি অনিশ্চয়তার বিস্তার।

